

**চট্টগ্রাম ছাত্রলীগ ও
ছাত্রদল কর্মীদের
মধ্যে সংঘর্ষ**

(চট্টগ্রাম অফিস)

গত রবিবার ঢাকা বিশ্ববিদ্যা-
লয়ে ছাত্রলীগ (হা-অ) ও ছাত্র-
দলের মধ্যে সংঘটিত দুঃখজনক
(শেষ ১-এর পৃ:ক :দ্রঃ)

সংঘর্ষ

(১ম পৃ: পর)

সংঘর্ষের জের হিসাবে রবিবার
বিকাল হইতে গতকাল (সোমবার)
দুপুর পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ
চট্টগ্রাম শহর ও কয়েকটি শিক্ষা
প্রতিষ্ঠানে এই ছাত্র সংগঠন ২টির
মধ্যে বিচ্ছিন্ন বেশ কয়েকটি সংঘ-
র্ষের ঘটনা ঘটে। প্রাপ্ত সংবাদ
(১১শ পৃ: দ্রঃ)

সংঘর্ষ

(১ম পৃ: পর)

অনুযায়ী এইসব ঘটনায় দুই-
পক্ষেই ১৫/২০ জন আহত
হয়। রবিবার বিকালে ক্যাম্পাসে
বিশ্ববিদ্যালয় ছাত্রদল সভাপতি-
সহ ৩ জন প্রহৃত হওয়ার পর এ-
রাতেই ছাত্রদল কর্মীরা হলে এক-
জন ছাত্রলীগ দলীয় কর্মীকে
ছুরিকা হত ও অপর ৫ জনকে
বেদন প্রহার করে। গতকাল
(সোমবার) সকাল ১০টায় ছাত্রলীগ
(হা-অ) ক্যাম্পাসে এক মিছিল
বাহির করে। মিছিলটি চাকসু
ক্যাফেটেরিয়ার সম্মুখে পৌঁছিলে
সেখানে অবস্থানরত ছাত্রদলীয়
চাকসু সহসাধারণ সম্পাদক
মাহবুবুর রহমান শামীমকে সহ
১০/১২ জন ছাত্রদল কর্মীকে
প্রহার করা হয়। পরে বেলা
১১টায় ১০ ছাত্রসংগঠনের পক্ষ
হইতে পৃথক এক মিছিল বাহির
করা হয়। মিছিলটি কলা ভবনের
সম্মুখে পৌঁছিলে ৪/৫টি বোমা
বিফোরিত হয়। বিচ্ছিন্ন এ ঘটনা
সমূহে ক্যাম্পাসে উত্তেজনা বাড়িয়া
যাওয়ায় বেলা ১২টায় প্রক্টর অফিসে
১২ ছাত্র সংগঠন নেতৃবৃন্দের মধ্যে
প্রক্টরের মধ্যস্থতায় এক বৈঠক
অনুষ্ঠিত হয়। কোন সিদ্ধান্ত না
হইলেও প্রক্টর আলাপ-আলোচনার
মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণাধীন
রাখার জন্য সকল পক্ষের প্রতি
আস্থান জানান।

চাকসু ভিপি জিএস-এর বিবৃতি

এদিকে চাকসুর সহ-সভাপতি
মোহাম্মদ নাজিম উদ্দিন ও সাধারণ
সম্পাদক আজিম উদ্দিন আহমেদ
গতকাল এক যুক্ত বিবৃতিতে ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ঘটনায় গভীর
উদ্বেগ প্রকাশ করিয়া ঘটনার নির-
পেক্ষ তদন্ত অনুষ্ঠানের মাধ্যমে
সন্ত্রাসী কার্যকলাপের সহিত যুক্ত
ব্যক্তিদের দৃষ্টান্ত মূলক শাস্তি দাবী
করেন।